

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
বিচার শাখা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১৩/২০২৩

জে,

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: রাজশাহী সিটি কর্পোরেশন ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন এবং ০৩টি পৌরসভার (নারায়ণগঞ্জ জেলার গোপালদী পৌরসভা, টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভা ও বগুড়া জেলার তালোড়া পৌরসভা) সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে ভোট গ্রহণের দিন অর্থাৎ আগামী ২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ বুধবার সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারিকৃত ১৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ/০১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-৯৮ প্রজ্ঞাপনমূলে রাজশাহী সিটি কর্পোরেশন ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন এবং ০৩টি পৌরসভার (নারায়ণগঞ্জ জেলার গোপালদী পৌরসভা, টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভা ও বগুড়া জেলার তালোড়া পৌরসভা) সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ভোট গ্রহণের দিন অর্থাৎ আগামী ২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ বুধবার সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

২। এমতাবস্থায়, উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে ভোট গ্রহণের দিন অর্থাৎ আগামী ২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ বুধবার সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

স্বাক্ষরিত

(এসকে.এম. তোফায়েল হাসান)

রেজিস্ট্রার (বিচার)

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

ফোন: ০২২২৩৩৫৮৭৮০

ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং- ১ জে-৪৪/১৫(অংশ-১)-৫৬৫৩

জে,

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ, রাজশাহী/সিলেট/নারায়ণগঞ্জ/টাঙ্গাইল/বগুড়া।
৩. মহানগর দায়রা জজ, রাজশাহী/সিলেট।
৪. বিভাগীয় বিশেষ জজ, রাজশাহী/সিলেট।
৫. জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, রাজশাহী/সিলেট।
৬. বিশেষ জজ, টাঙ্গাইল/বগুড়া।
৭. দ্রুত বিচার ট্রাইব্যুনাল, রাজশাহী/সিলেট।
৮. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া।
৯. বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, ২, রাজশাহী/সিলেট/নারায়ণগঞ্জ/ ১, ২, বগুড়া/টাঙ্গাইল।
১০. চেয়ারম্যান (জেলা ও দায়রা জজ), শ্রম আদালত, রাজশাহী/নারায়ণগঞ্জ/সিলেট।
১১. বিচারক (জেলা ও দায়রা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহী/সিলেট।
১২. বিচারক (জেলা ও দায়রা জজ), সাইবার ক্রাইম ট্রাইব্যুনাল, রাজশাহী/সিলেট।
১৩. বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, রাজশাহী/সিলেট।
১৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী/সিলেট/নারায়ণগঞ্জ/টাঙ্গাইল/বগুড়া।
১৫. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী/সিলেট।
১৬. পরিবেশ আদালত, সিলেট।
১৭. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. অফিস কপি।

Rahaman
20.06.23

(রাশেদুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৮১৯৩২